51

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ৪

# তালা ভাঙ্গিয়া হাজিরা খাতা চুরি ॥ ফাঁকা গুলী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত রবিবার মধ্যরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ৫ জন শিক্ষকের অফিস কক্ষের তালা ভাঙ্গিয়া কয়েকজন তরুণ ক্লাশের হাজিরা খাতা নিয়া গিয়াছে। এই সময় ৬/৭ রাউণ্ড ফাঁকা গুলী বর্ষিত হয়। জানা যায়, রাত দেড়টার দিকে সশস্ত্র তরুণরা দারোয়ানের নিকট হইতে অস্ত্রের মুখে কলাভবনের মূল ফটকের

( শেষ পৃ: ১-এর ক: দ্র: )

## তালা ভাঙ্গিয়া

(১ম পৃ: পর)

চাবি ছিনাইয়া নিয়া ভিতরে প্রবেশ করে। কলাভবনের নীচ তলায় অবস্থিত ৫ জন অধ্যাপকের অফিস কক্ষের তালা ভাঙ্গিয়া তাহারা ৩য় বর্ষ ও মাষ্টার্সের হাজিরা খাতা নিয়া যায়। ইতিহাস বিভাগের চেয়ারম্যান, ডঃ সৈয়দ আনোয়ার হোসেন জানান, পরীক্ষায় অংশগ্রহণের জন্য শতকরা ৭৫ ভাগ ক্লাশে উপস্থিতি বাধ্যতামূলক। গত সপ্তাহ হইতে অনার্সের পরীক্ষার ফরম ফিলআপ শুরু হওয়ার পর হইতে কিছু সংখ্যক ছাত্র নিয়মিত ক্লাশ না করিয়াও নিয়ম বহির্ভূতভাবে পরীক্ষায় অংশ গ্রহণের দাবী জানাইয়া আসিতেছে। উক্ত অনিয়মিত ছাত্রদের দ্বারা এই ঘটনা সংঘটিত হইয়াছে বলিয়া তিনি সন্দেহ প্রকাশ করেন।